

# এসএসসি'র ফল প্রকাশের সম্ভাব্য তারিখ

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ১২:৩২, ১৬ এপ্রিল ২০২৪



সাধারণত লিখিত পরীক্ষা যেদিন শেষ হয়, সেদিন থেকে পরবর্তী ৬০ দিনের মধ্যে ফল প্রকাশ করা হয়।

এসএসসি পরীক্ষার খাতা মূল্যায়নের কাজ চলছে। অল্ল সময়ের মধ্যে খাতা মূল্যায়নের কাজ শেষ হবে। আমরা নির্ধারিত সময়ের মধ্যেই ফল প্রকাশের চেষ্টা করছি।

UNIBOTS

এসব কথা জানান আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ড সভাপতি এবং ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার।

**আরও পড়ুন :** যে কারণে দেশে বন্ধ হয়ে যাচ্ছে প্রায় ৩০০ সরকারি বিদ্যালয়

তিনি বলেন, সাধারণত লিখিত পরীক্ষা যেদিন শেষ হয়, সেদিন থেকে পরবর্তী ৬০ দিনের মধ্যে ফল প্রকাশ করা হয়। এবারও এই সময়সীমার মধ্যে ফল প্রকাশ করা হবে। আশা করছি আমরা মে মাসের শুরুর দিকেই এসএসসি পরীক্ষার ফল প্রকাশ করতে পারব।

নাম প্রকাশে অনিচ্ছুক আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ডের এক সদস্য বলেন, প্রাথমিকভাবে আমরা চিন্তা করেছি ৯, ১০ অথবা ১১ মে ফল প্রকাশের প্রস্তাবনা পাঠাব। ফল তৈরি হয়ে গেলে এর আগেও ফল প্রকাশ করা হতে পারে। ১২ মে'র মধ্যে ফল প্রকাশ করা হবে বলেও জানান ওই সদস্য।

এবার এসএসসি ও সমমান পরীক্ষায় অংশ নেয়ার জন্য ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন শিক্ষার্থী ফরম পূরণ করেছেন। ৩ হাজার ৭০০টি কেন্দ্রে ২৯ হাজার ৭৩৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের পরীক্ষার্থীরা এসএসসি ও সমমান পরীক্ষায় দিচ্ছেন। ১৬ লাখ ৬ হাজার ৮৭৯ জন পরীক্ষার্থী এসএসসি, ২ লাখ ৯০ হাজার ৯৪০ জন পরীক্ষার্থী দাখিল ও ১ লাখ ২৬ হাজার ৩৭৩ জন পরীক্ষার্থী এসএসসি ও দাখিল পরীক্ষায় অংশ নিতে ফরম পূরণ করেছেন।

এবার নয়টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এসএসসির তত্ত্বীয় পরীক্ষা ১৫ ফেব্রুয়ারি থেকে ১২ মার্চ পর্যন্ত চলবে। ব্যবহারিক পরীক্ষা চলবে ১৩ মার্চ থেকে ২০ মার্চ পর্যন্ত। মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিলের তত্ত্বীয় পরীক্ষা ১৫ ফেব্রুয়ারি থেকে ১৪ মার্চ এবং ব্যবহারিক পরীক্ষা ১৬ মার্চ থেকে ২১ মার্চ পর্যন্ত চলবে। আর কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি ও ভোকেশনালের তত্ত্বীয় পরীক্ষা ১৫ ফেব্রুয়ারি থেকে ১২ মার্চ পর্যন্ত এবং ব্যবহারিক পরীক্ষা ১৩ মার্চ থেকে ২১ মার্চ পর্যন্ত অনুষ্ঠিত হয়।